গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


বাণিজ্য মন্ত্রণালয়

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

# বার্ষিক প্রতিবেদন

## [২০২২-২০২৩]






**আরজেএসসি ই-সেবা**

www.roc.gov.bd

# বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩


- **প্রকাশনাঃ**

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC)

- **উপদেষ্টাঃ**

জনাব শেখ শোয়েবুল আলম এনডিসি, নিবন্ধক (অতিরিক্ত সচিব)

- **তত্ত্বাবধানঃ**

জনাব রনজিৎ কুমার রায়, উপ-নিবন্ধক

জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, উপ-নিবন্ধক

- **সম্পাদনাঃ**

জনাব জিকরা আমিন পিএএ, প্রোগ্রামার

জনাব মোঃ হারুন অর রশীদ, সহকারী নিবন্ধক

জনাব মোঃ রকিব আহমেদ রনী, সহকারী নিবন্ধক

জনাব জান্নাতুল ফেরদৌস পিএএ, সহকারী প্রোগ্রামার

জনাব অনন্ত কুমার পাল, সহকারী নিবন্ধক (চ.দা.)

জনাব মোঃ রফিকুল ইসলাম, এক্সামিনার অব একাউন্টস

জনাব যাদব কুমার পোদ্দার, এক্সামিনার অব একাউন্টস

জনাব শাহেদুল আজম, এক্সামিনার অব একাউন্টস

জনাব মোঃ নওয়াব প্রামানিক, এক্সামিনার অব একাউন্টস


- **প্রচ্ছদ ও ডিজাইনঃ**

জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস

- **প্রিন্টিং:**

মা গ্রাফিক্স ডিজাইন, গাউছুল আজম মার্কেট, নীলক্ষেত, ঢাকা।

- **প্রকাশকাল: ১৫ অক্টোবর, ২০২৩ খ্রি;**



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman




# মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

## মুখবন্ধ

বাংলাদেশ বিনির্মাণে প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত দূরদর্শী রূপকল্প ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ এবং ২১০০ সালের মধ্যে বাংলাদেশকে একটি নিরাপদ ব-দ্বীপ হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্য পূরণে অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের ন্যায় এ দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ পরিদপ্তরের সকল সেবা অনলাইনে সম্পন্ন করার লক্ষ্যে ২০০৯ সনে কার্যক্রম গ্রহণ করে। পরিদপ্তরটি ২০১০ সালে রিটার্ন ফাইলিংসহ স্বয়ংক্রিয়ভাবে নামের ছাড়পত্র, সার্টিফাইড কপি প্রদান, অনলাইন নিবন্ধন, অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফিস আদায়সহ ডিজিটাল স্বাক্ষর চালু করেছে। এখন সেবা গ্রহিতাগণ অনলাইনে আবেদন করে তার আবেদনের অবস্থান অনলাইনে ট্রাকিং করার পাশাপাশি ইমেইলে চাহিত সার্টিফাইড কপি পেয়ে যাচ্ছেন। কিন্তু সেবা গ্রহিতাদের অনলাইন প্রক্রিয়া সর্ম্পকে পরিপূর্ণ ধারণা না থাকার ফলে অত্র দপ্তরের ডিজিটাল প্রয়াসের শতভাগ সুফল গ্রহন করতে পারছেন না। এরই ধারাবাহিকতায় গ্রাহক সাধারণের কোম্পানি গঠন ও পরবর্তী কার্যক্রম সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং নিজেরাই যাতে সহজে আরজেএসসির সেবাসমূহ গ্রহণ করতে পারে, সে লক্ষ্যে ডিজিটাল সেবা গ্রহণের পদ্ধতিসমূহ সহজবোধ্যভাবে উপস্থাপনক্রমে গ্রাহকদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পরনির্ভরশীলতা হ্রাসকরণের উদ্দেশ্যে এ পরিদপ্তরের ওয়েবসাইটে নিবন্ধন ও রিটার্ণ ফাইলিং সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল টি প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, বিশ্বব্যাংক কর্তৃক ২০১৯ সালে প্রণীত 'ইজ অব ডুইং বিজনেস' রিপোর্টে বাংলাদেশের অবস্থান ১৭৬ থেকে ৮ ধাপ এগিয়ে ১৬৮ এ উন্নীতকরণেএ পরিদপ্তরের যুগান্তকারী কার্যক্রমগুলো প্রত্যক্ষ অংশীদার। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে, উন্নয়নের রোল মডেলের অংশীদার হতে এবং বিনিয়োগ বান্ধব পরিবেশের সহায়ক হতে ২০২১ সন থেকে নামের ছারপত্র, নিবন্ধনের আবেদন এবং নিবন্ধন ফি জমাদানের ৩টি ধাপকে একধাপে রুপান্তর করে একক পদ্ধতিতে নিবন্ধন (Single Process Registration) চালু করা হয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থবছরে এ দপ্তর থেকে স্বয়ংক্রিয়ভাবে ইস্যুকৃত সার্টিফাইড কপির সত্যতা যচাইয়ের জন্য প্লাটফরম চালু করা হয়েছে।

এই প্রকাশনা উদ্যোক্তাদের বিনিয়োগ বিকাশে সহায়ক হবে এবং বিদেশি বিনোয়োগকারীদের মধ্যে ইতিবাচক প্রভাব সৃষ্টি করবে বলে মনে করি।



শেখ শোয়েবুল আলম এনডিসি
নিবন্ধক (অতিরিক্ত সচিব)

# সূচীপত্র


| ক্রম | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | পটভূমি | ৬ |
| ২ | ভিশন | ৬ |
| ৩ | মিশন | ৬ |
| ৪ | যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের ইতিহাস | ৬ |
| ৫ | সাংগঠনিক কাঠামো এবং জনবল | ৭-১০ |
| ৬ | যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের কার্যাবলী | ১১-১২ |
| ৭ | প্রতিবেদনাধীন (২০২২-২০২৩) অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলিঃ | ১৩ |
| ৮ | যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরে অর্জিত কাজের চিত্র | ১৪-১৮ |
| ৯ | যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের বিগত ৪ (চার) বছরের কার্যক্রমের পরিসংখ্যান | ১৯ |
| ১০ | প্রতিষ্ঠানের প্রকৃতি অনুসারে বিগত ৩ অর্থ-বছরের নিবন্ধনের পরিসংখ্যান | ২০ |
| ১১ | বিগত ০৫ (পাঁচ) বছরের রাজস্ব আদায়ের ছক | ২১ |
| ১২ | সরকারি বিভিন্ন দিবস উদযাপন | ২১-২২ |
| ১৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ | ২২-২৩ |
| ১৪ | বার্ষিক ই-গভর্ন্যান্স ও ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ | ২৪-২৭ |
| ১৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ | ২৭-২৮ |
| ১৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ | ২৯ |
| ১৭ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা,২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ | ২৯-৩০ |
| ১৮ | তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ | ৩০-৩১ |
| ১৯ | গুরুত্বপূর্ণ কার্যাবলির ছবি ক্যাপসনসহ | ৩২-৩৪ |

## পটভূমি

দক্ষিণ এশিয়ার অন্যতম বিনিয়োগক্ষেত্র বাংলাদেশ । টেকসই উন্নয়নের জন্য প্রয়োজন টেকসই নিরাপত্তা ও শান্তিময় পরিবেশ, যা বাংলাদেশে বিদ্যমান। ব্যবসায়ীরা যাতে নিশ্চিন্তে ও নিরাপদ পরিবেশে ব্যবসা করতে পারেন, সে ধরনের পরিবেশ সৃষ্টিতে সরকার বদ্ধপরিকর। কোম্পানি নিবন্ধন প্রক্রিয়া দ্রুততার সাথে সম্পন্নের জন্য ও এ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে জানুয়ারি, ২০০৯ সন হতে এ পরিদপ্তর স্বয়ংক্রিয় পদ্ধতি প্রবর্তনে নানামুখী কার্যক্রম শুরু করে। এসকল কর্মসূচি বাস্তবায়নে নির্ধারণ করা হয় বিভিন্ন মেয়াদি লক্ষ্য, যা এনে দেয় যুগান্তকারী সাফল্য ও গ্রাহক সেবায় যোগ করে ভিন্ন মাত্রা। পরিদপ্তরটি বর্তমানে অনলাইনে কোম্পানির নামের ছাড়পত্র, নিবন্ধন, রিটার্ন ফাইলিং, LAN অ্যাপ্লিকেশন এর মাধ্যমে নিবন্ধন, রিটার্ণ রেকর্ডভূক্তকরণ, অনলাইন ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফিস আদায়সহ ডিজিটাল স্বাক্ষর চালু করেছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ১০ টি বিশেষ উদ্যোগের অন্যতম উদ্যোগ হলো বিনিয়োগ বিকাশ। বিনিয়োগ বিকাশ এবং স্মার্ট বাংলাদেশ বির্নিমাণে যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তর বিভিন্ন কার্যক্রম সফলভাবে পরিপালন করে আসছে। ফলে বাংলাদেশের ব্যবসা শুরুর প্রক্রিয়া বিশ্বমানে উন্নীত হয়েছে। বিদেশী বিনিয়োগ আকর্ষণে এবং সরকার ঘোষিত ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টিতে এ পরিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

## ভিশনঃ

ডিজিটাল পদ্ধতিতে কোম্পানি রেজিস্ট্রেশন/নিবন্ধন এবংনিবন্ধন পরবর্তী সেবা কার্যক্রম বিশ্বমানে উন্নীত করণ।

## মিশনঃ

পর্যায়ক্রমে পেপারলেস অফিসে রূপান্তরের লক্ষ্যে অনলাইন সেবাপ্রদান পদ্ধতি সহজিকরণ, আধুনিকীকরণ, যুগোপযোগীকরণ ও ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে জাতীয় উন্নয়নে ভূমিকা রাখা।

## যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের ইতিহাস

ভারতীয় উপমহাদেশে ব্রিটিশ শাসনামলে যৌথমূলধন ব্যবসার প্রসারের লক্ষ্যে ১৯১৩ সনে কোম্পানি আইনের আওতায় কলকাতায় এ প্রতিষ্ঠানটি স্থাপিত হয়। ভারত বিভক্তির পর প্রথমে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর চট্টগ্রামে স্থাপন করা হলেও পরবর্তীতে ১৯৬২ সালে পরিদপ্তরটি ঢাকায় স্থানান্তরিত হয়। ১৯৭১ সালে দেশ স্বাধীন হওয়ার পর ব্যবসা বাণিজ্যের সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে পরবর্তীতে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে বিভাগীয় দপ্তর স্থাপন করা হয়। মুক্ত বাজার অর্থনীতিতে জাতীয় উন্নয়নে ব্যবসা বাণিজ্যের গুরুত্ব বহুগুণ বৃদ্ধি পাওয়ায় বাংলাদেশে ব্যবসা বাণিজ্যের প্রসার ও অর্থনীতির বিনির্মাণে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।

## সাংগঠনিক কাঠামো ও জনবল

নিবন্ধক হচ্ছেন যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের প্রশাসনিক প্রধান। প্রধান কার্যালয়ে নিবন্ধকের পরপরই একজন অতিরিক্ত নিবন্ধক, দুইজন উপ-নিবন্ধক ও চার জন সহকারী নিবন্ধক দায়িত্ব পালন করেন। চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে একজন উপ-নিবন্ধক ও একজন সহকারী নিবন্ধকের পদ রয়েছে। খুলনা ও রাজশাহীর বিভাগীয় কার্যালয়ে সহকারী নিবন্ধক প্রশাসনিক দায়িত্ব পালন করেন। আরজেএসসির প্রাতিষ্ঠানিক কাঠামোতে ৮১ জন কর্মকর্তা-কর্মচারী বিভিন্ন স্তরে বর্ণিত রয়েছে। বর্তমান কাঠামোতে প্রথম শ্রেনীর ১৫ টি, দ্বিতীয় শ্রেণির ১৯ টি, তৃতীয় শ্রেনীর ৩৪ টি এবং চতুর্থ শ্রেনীর ১৩ টি পদ রয়েছে।

### (১) প্রশাসনিক

#### ১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার নাম | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের (মোট পদ সংখ্যা) | ৮১ | ৫৭ | ২৪ | ৩৯ | |
| মোট | ৮১ | ৫৭ | ২৪ | ৩৯ | |

#### ১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| নাই | নাই | ০৭ | ০৩ | ১১ | ০৩ | ২৪ |

#### ১.৩ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ০১ | শূন্য | ০১ | নাই | নাই | - | |

<u>যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের পদের বিবরণী</u>

| ক্রঃ নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূণ্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ১ম শ্রেণী | | | |
| ১ | রেজিষ্ট্রার | ১ | ১ | ০ | |
| | অতিরিক্ত রেজিষ্ট্রার | ১ | ০ | ১ | |
| ২ | ডেপুটি রেজিস্ট্রার | ৩ | ৩ | ০ | |
| | প্রোগ্রামার | ১ | ১ | ০ | |
| ৩ | সহকারী রেজিস্ট্রার | ৭ | ২ | ৫ | |
| ৪ | সহকারী প্রোগ্রামার | ২ | ১ | ১ | |
| | মোট | ১৫ | ৮ | ৭ | |
| | | ২য় শ্রেণী | | | |
| ৫ | এক্সামিনার অব একাউন্টস | ১২ | ৯ | ৩ | |
| ৬ | পরিদর্শক | ৭ | ৬ | ১ | |
| | মোট | ১৯ | ১৫ | ৪ | |
| | | ৩য় শ্রেণী | | | |
| ৭ | স্টেনো গ্রাফার | ১ | ১ | ০ | |
| ৮ | উচ্চমান সহকারী | ৫ | ৩ | ২ | |
| ৯ | একাউন্টেন্ট | ২ | ০ | ২ | |
| ১০ | কম্পিউটার অপারেটর | ১১ | ৮ | ৩ | |
| ১১ | রেকর্ড কিপার | ২ | ১ | ১ | |
| ১২ | ক্যাশিয়ার | ২ | ২ | ০ | |
| ১৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৮ | ৬ | ২ | |
| ১৪ | কপিস্ট | ১ | ১ | ০ | |
| ১৫ | গাড়ী চালক | ২ | ১ | ১ | |
| | মোট | ৩৪ | ২৩ | ১১ | |
| | | ৪র্থ শ্রেণী | | | |
| ১৬ | এম. এল. এস. এস | ৮ | ৬ | ২ | |
| ১৭ | নৈশ প্রহরী | ৫ | ৪ | ১ | |
| | মোট | ১৩ | ১০ | ৩ | |
| সর্ব মোট | | ৮১ | ৫৭ | ২৪ | |

## (২) অডিট আপত্তি

**২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)**

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ০১ | "যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর" | ০৪ | ১১১.৬৭ | ০৪ | ০১ | শূন্য | ০৪ | ১১১.৬৭ |

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২২-২৩) "যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর" পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| নাই | নাই | নাই | নাই | নাই | নাই |

## (৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে "যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর" সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| শূন্য | ০৮ | শূন্য | ০৮ | শূন্য |

## (৫) মানবসম্পদ উন্নয়ন

**৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)**

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ২৩ | ৪৭ |

## ৫.২ প্রশিক্ষণ কর্মসূচির বর্ণনাঃ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা, সেবা সহজীকরণ প্রক্রিয়া, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার আইন বিষয়ক এবং উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতার উন্নয়নে ২০২২-২৩ অর্থবছরে ২৩ টি ইন- হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এজন্য ট্রেনিং ডাটাবেজ ম্যানেজমেন্ট সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে দেশের অভ্যন্তরে ২৩ টি ইন- হাউজ প্রশিক্ষণে এ দপ্তরের ৪৭ জন কর্মকর্তা-কর্মচারী মোট ২০৫৩ জনঘন্টা প্রশিক্ষনে অংশগ্রহণ করেছে।

## (৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ০৪ | ১২০ |

## (৭) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| "যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর" কম্পিউটারের মোট সংখ্যা | ইন্টারনেট সুবিধা আছে কি না | ল্যান (LAN) সুবিধা আছে কি না | ওয়ান (WAN) সুবিধা আছে কি না | কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| পিসি-৬০ টি<br>ল্যাপটপ-১৪টি<br>ডাটা সেন্টার =০১টি সার্ভার -১১ টি<br>সার্ভার স্টোরেজ-২ টি<br>ফায়ারওয়্যাল =০১ টি<br>ওয়েব এপ্লিকেশন ফায়ারওয়্যাল =০১টি<br>ওরাকল ডাটাবেজ এপ্লিয়েন্স =০২ টি<br>সুইচ=০২ টি<br>রাউটার=০৪ টি | আছে।<br>রিডান্ডেন্ট লাইন রয়েছে ।ডাটা রিকভারী সেন্টারের সাথে ডার্ক ফাইভার কানেক্টিভিটি রয়েছে । | আছে।<br>প্রধান কার্যালয়ে ও বিভাগীয় অফিস সমূহ ল্যানের মাধ্যমে অনলাইন সেবা প্রদান করে থাকে এবং নিবন্ধন প্রদান সহ নিবন্ধন পরবর্তী কাজ সম্পন্ন করে থাকে । | আছে ।<br>বিভাগীয় অফিস সমূহ প্রধান কার্যালয়ের সাথে ওয়্যানের মাধ্যমে কানেক্ট করা আছে। | ২১ জন | ৩০ জন |

## আরজেএসসি'র কার্যাবলী

ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নে, উন্নয়নের রোল মডেলে অংশীদার হতে এবং বিনিয়োগ বান্ধব ব্যবসায় পরিবেশ সৃষ্টিতে এ পরিদপ্তরটি নামের ছাড়পত্রসহ নিবন্ধন এবং নিবন্ধন পরবর্তী রিটার্ন সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করে আসছে। যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) এর প্রধান কাজসমূহ হচ্ছে-

### (ক) নিবন্ধন (Registration)

- কোম্পানি আইন, ১৯৯৪ এর অধীনে প্রাইভেট/পাবলিক/এক ব্যক্তি কোম্পানি নিবন্ধন।
- বিদেশি কোম্পানির ব্রাঞ্চ/লিয়াজোঁ অফিস নিবন্ধন।
- দি সোসাইটি রেজিস্ট্রেশন এ্যাক্ট, ১৮৬০ এর অধীনে সোসাইটি নিবন্ধন।
- বাণিজ্য সংগঠন আইন, ২০২২ অনুযায়ী গঠিত বাণিজ্য সংগঠন নিবন্ধন।
- কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারার অধীনে অলাভজনক কোম্পানি নিবন্ধন।
- কোম্পানি আইন ১৯৯৪ এর ২৯ ধারার অধীনে ক্লাব নিবন্ধন।
- অংশীদারী আইন, ১৯৩২ এর অধীনে অংশীদারী ফার্ম নিবন্ধন।
- নিবন্ধনকৃত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত বিধিবদ্ধ রিটার্নসমূহ রেকর্ডভুক্তকরন।
- ডিজিটাল বিজনেস (DBID) নিবন্ধন প্রদান ।

### (খ) রিটার্ন ফাইলিং (Return Filing)

প্রাইভেট, পাবলিক, ওপিসি (OPC), ২৮ এবং ২৯ ধারায় নিবন্ধিত কোম্পানিসমূহের রিটার্নস:-

- বার্ষিক শেয়ার মূলধন বিবরণী
- পরিচালক পরিবর্তন সংক্রান্ত
- কোম্পানির শেয়ার বরাদ্দকরণ
- অনুমোদিত মূলধন বৃদ্ধি সংক্রান্ত
- শেয়ারমূল্য পরিবর্তন সংক্রান্ত
- কোম্পানির মর্টগেজ নিবন্ধন
- শেয়ার হস্তান্তর সংক্রান্ত
- নাম পরিবর্তন সংক্রান্ত
- সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন সংক্রান্ত
- অফিস ঠিকানা পরিবর্তন সংক্রান্ত
- এছাড়া কোম্পানি আইনে বর্ণিত যেকোনো দলিল ও বিবরণী।

অংশীদারি ফার্মের দাখিলকৃতরিটার্নসমূহ:-

- ❖ অংশীদারি দলিল পুর্ণগঠন
- ❖ অংশীদারি চুক্তি বাতিলকরণ

সোসাইটির দাখিলকৃত রিটার্নসমূহ:-

- ❖ এক্সিকিউটিভ কমিটির তালিকা সংক্রান্ত
- ❖ নাম পরিবর্তন সংক্রান্ত
- ❖ সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন সংক্রান্ত
- ❖ অফিস ঠিকানা পরিবর্তন সংক্রান্ত

বিদেশী কোম্পানির রিটার্নসমূহ:-

- ❖ পরিচালকের পরিবর্তন সংক্রান্ত
- ❖ নাম পরিবর্তন সংক্রান্ত (বিদেশে পরিবর্তিত)
- ❖ সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন সংক্রান্ত অনুলিপি (বিদেশে পরিবর্তিত) রেকর্ডভুক্তকরণ।
- ❖ অফিস ঠিকানা পরিবর্তন সংক্রান্ত

বাণিজ্য সংগঠনের দাখিকৃত রিটার্নসমূহ:-

- ❖ পরিচালনা পর্ষদের বিবরণী
- ❖ পরিচালক পরিবর্তন সংক্রান্ত
- ❖ নাম পরিবর্তন সংক্রান্ত
- ❖ সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন সংক্রান্ত
- ❖ অফিস ঠিকানা পরিবর্তন সংক্রান্ত

## **(গ) প্রত্যায়িত অনুলিপি প্রদান** (Issuance of certified copies)

গ্রাহকের আবেদনের ক্রমে ও আইনে বর্ণিত নির্ধারিত ফিস প্রদান সাপেক্ষে আরজেএসসি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেকর্ডকৃত রিটার্ণ/বিবরণীর সার্টিফাইড কপি সরবরাহ করা হয়ে থাকে।

## **(ঘ) উইন্ডিং আপ** (Winding up)

যদি কোনো প্রতিষ্ঠান স্বেচ্ছায়, পাওনাদারের অথবা আদালতের আদেশে উইন্ডিং আপ সংক্রান্ত বিধিবদ্ধ রিটার্ণস এ দপ্তরে দাখিল করে, আরজেএসসি তা রেকর্ডভূক্ত করে।

## **(ঙ) স্ট্রাক অফ** (Struck off)


যদি কোন নিবন্ধিত কোম্পানি নিষ্ক্রিয় (Defunct) বা আর চলমান না থাকে তবে আরজেএসসি কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ ধারা মোতাবেক সেটির নাম নিবন্ধন বই থেকে কেটে দেয়া হয়।

## প্রতিবেদনাধীন (২০২২-২০২৩) অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলিঃ

২০২২-২৩ অর্থবছরে এক ব্যক্তি মালাকানা কোম্পানি-১৪০ টি, প্রাইভেট লিমিটেড কোম্পানি ও পাবলিক লিমিটেড কোম্পানি ৮০২১ টি, টি অংশীদারী ফার্ম ২৩৩৭ টি, বাণিজ্য সংগঠন ১৯ টি এবং ২১৫ টি সোসাইটির নিবন্ধন প্রদান করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে সর্বমোট ১০৭৩৮ টি প্রতিষ্ঠানের নিবন্ধন প্রদান করা হয়।

২০২২-২০২৩ অর্থবছরে সম্পাদিত কাজের চিত্র ছক আকারে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | সেবার নাম | আবেদন প্রাপ্তি | আবেদন অনুমোদন |
|---|---|---|---|
| ১ | নামের ছারপত্রের আবেদন | ২৪০৪৬ | ১৯৬৫৩ |
| ২ | নিবন্ধনের জন্য আবেদন | ১১১১৮ | ১০৭৩৮ |
| ৩ | রিটার্ণ দাখিলের পরিমান | ২৫১৬১৭ | ২২০৫২৩ |
| ৪ | উইন্ডিং আপ দাখিলের পরিমান | ৪৮৯৬ | ৩৪৫৫ |
| ৫ | স্ট্রাইক আপ সম্পন্ন প্রতিষ্ঠানের সংখ্যা | - | ২১ |
| ৬ | মর্টগেজ নিবন্ধনের জন্য আবেদন | ৬৪২৬ | ৬৩৪১ |
| ৭ | সার্টিফাইড কপি সরবরাহের পরিমান | ৪৪৩৬৭ | ৪৪৩৬৭ |




## যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরে অর্জিত কাজের চিত্রঃ

### ১। স্বয়ংক্রিয় পদ্ধতিতে সার্টিফাইড কপি প্রদান এবং যাচাইয়ের ব্যবস্থা গ্রহণঃ

পরিদপ্তরটি ২০০৯ সাল থেকে পর্যায়ক্রমে ডিজিটাল সেবা প্রদান করলেও বিভিন্ন রিটার্নের সার্টিফাইড কপি ম্যানুয়াল পদ্ধতিতে সরবরাহ করা হতো। গ্রাহক কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠানে তা দাখিল করা হলে উক্ত প্রতিষ্ঠান আরজেএসসি হতে পুনরায় এর সত্যতা যাচাইয়ের করত। যা উক্ত প্রতিষ্ঠান এবং আরজেএসসি উভয়ের জন্য সময়, মেধা এবং শ্রমের অবচয় বলে পরিগনিত হওয়ায়, আরজেএসসি তা সমাধানের উদ্যোগ গ্রহণ করে। আরজেএসসি কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে নিম্নে বর্ণিত সার্টিফাইড কপি ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে প্রদান এবং বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে যাচাইয়ের প্লাটফরম বাস্তবায়ন করা হয়েছে। লিংক https://app.roc.gov.bd/psp/certified copy status

- শেয়ার মূলধন বিবরণী (শিডিউল-১০)
- পরিচালকের তালিকা (ফর্ম-১২)
- শেয়ার বরাদ্দের বিবরণী (ফর্ম-১৫)
- অনুমোদিত মূলধন বৃদ্ধির সার্টিফিকেট (ফর্ম-৪)
- শেয়ারমূল্য পরিবর্তন সার্টিফিকেট (ফর্ম-৩)
- কোম্পানির মর্টগেজ নিবন্ধন ( ফর্ম-১৮, ১৯ এবং ২৮)
- বিদেশী কোম্পানির ফাইলিং সার্টিফিকেট
- নাম পরিবর্তনের সার্টিফিকেট
- সংঘস্মারক ও সংঘবিধি সংশোধনের সার্টিফিকেট
- অফিস ঠিকানা পরিবর্তনের সার্টিফিকেট
- কোম্পানি, সোসাইটি, অংশীদারী ফার্ম, বাণিজ্য সংগঠন এর ইনকর্পোরেশন সার্টিফিকেট




চিত্রঃ অনলাইনে ইস্যুকৃত সার্টিফাইড কপির সত্যতা যাচাইকরণের জন্য প্ল্যাটফর্ম

## ২। ব্যাংক কতৃক ইস্যুকৃত নগদায়ন সনদ (এনক্যাশমেন্ট সার্টিফিকেট)/ অনাপত্তিপত্র/ চার্জ পরিশোধের বিবরণী (মর্টগেজ স্যাটিসফ্যাকসন) যাচাইকরণ প্লাটফরমঃ

ভেঞ্চার কোম্পানি, শতভাগ বিদেশী মূলধনে নিবন্ধিত কোম্পানি কিংবা বিদেশী উদ্যোক্তার অনুকূলে শেয়ার হস্তান্তর বা শেয়ার বরাদ্দকালে গৃহীত শেয়ারের সমমূল্যের বৈদেশিক মুদ্রার সমপরিমাণ নগদায়ন সনদ এ কার্যালয়ে দাখিল করতে হয়। কোম্পানি নিবন্ধন, শেয়ার হস্তান্তর ও পরিচালকের পদত্যাগের ক্ষেত্রে অনেক সময় জালিয়াতির মাধ্যমে প্রস্তুতকৃত নগদায়ন সনদ (এনক্যাশমেন্ট সার্টিফিকেট)/ অনাপত্তিপত্র/ চার্জ পরিশোধের বিবরণী এ দপ্তরে দাখিল করা হয়।

অপরদিকে ব্যাংক কোম্পানি আইন-১৯৯১ এর ২৭(ক) ধারা অনুসারে শেয়ার হস্তান্তর/ পদত্যাগকারী পরিচালকের শেয়ার হস্তান্তরের সময় অনাপত্তিপত্র এ দপ্তরে দাখিল করা হয়। এক্ষেত্রেও অনেকসময় জালিয়াতির আশ্রয় গ্রহণ করা হয়।

এছাড়াও কোম্পানি কর্তৃক গৃহীত ঋণ পরিশোধের ক্ষেত্রে চার্জ পরিশোধের বিবরণী (মর্টগেজ স্যাটিসফ্যাকসন) এ দপ্তরে দাখিল করা হয়। শেয়ার হস্তান্তর/ পরিচালকের পদত্যাগপত্র সংক্রান্ত রিটার্ণ যাচাইকালে উক্ত অনাপত্তিপত্র এবং চার্জ পরিশোধের বিবরণী এ পরিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হইতে যাচাই করতে হয়। যা একই দিকে সময়, মেধা ও শ্রমের অবচয় অপরদিকে গ্রাহক ভোগান্তির পর্যায়ে পড়ে এবং রিটার্ণ রেকর্ডভুক্তির ক্ষেত্রে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। ২০২২-২০২৩ অর্থবছরে এ দপ্তর কর্তৃক বর্ণিত সমস্যাটি সমাধানের উদ্যোগ গ্রহণ করা হয়।

এ বিষয়ে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিয়ন্ত্রনকারী কতৃপক্ষ হিসেবে বাংলাদেশ ব্যাংককে অনুরোধ জানানো হয়। ফলশ্রুতিতে বাংলাদেশ ব্যাংক সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে আরজেএসসির ডিজিটাল সিস্টেমের সাথে লিংক স্থাপনের মাধ্যমে সমস্যাটি সমাধানের নির্দেশনা দেয়া হয় এবং আরজেএসসি হতে সকল ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের জন্য নতুন লিংক খোলা হয়। লিংক app2.roc.gov.bd:2265

উক্ত লিংক ব্যবহারের জন্য এ দপ্তর থেকে user id এবং password সরবরাহ করা হচ্ছে। ইতোমধ্যে প্রায় ৪০ টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে এ দপ্তর থেকে user id এবং password সরবরাহ করা হয়েছে। অচিরেই সম্পূর্ণ কাজটি সম্পন্ন হবে মর্মে এ পরিদপ্তর আশা করছে।

## ৩। আরজে এস সির সকল ডাটা ও সার্ভিস জাতীয় ডাটা সেন্টারে সংরক্ষণঃ

এ দপ্তরে নিবন্ধিত প্রায় ৩ লক্ষাধিক প্রতিষ্ঠনের সকল রেকর্ড নিজস্ব ১১ টি সার্ভার এবং ২ টি সার্ভার স্টোরেজ এর মাধ্যমে সংরক্ষণ করা হতো। ফলে কোন কারনে সার্ভার বিনষ্ট বা ক্ষতিগ্রস্ত হলে ডাটা পুনরুদ্ধার করা প্রায় অসম্ভব ছিল। ফলে এ সকল ডাটার সুরক্ষা নিশ্চিত করনের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সকল ডাটা ও সার্ভিস

জাতীয় ডাটা সেন্টারের ক্লাউড সিস্টেমে সংরক্ষণ করা হয়েছে। এছাড়া সাইবার থ্রেট প্রতিরোধের জন্য সিস্টেম কে আরো নিরাপদ রাখতে সিকিউরিটি ডিভাইস স্থাপন করা হয়েছে।

## ৪। বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এবং আরজেএসসির সমঝোতা চুক্তি স্বাক্ষরঃ

কোম্পানিতে বিনিয়োগের মাধ্যমে দেশি এবং বিদেশী বিনিয়োগকারীদের সকল তথ্য এ দপ্তরে সংরক্ষণ করা থাকে। মানি লন্ডারিং রোধ করার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে সরকারের সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার মত আরজেএসসি একটি গুরুত্বপূর্ণ দপ্তর হওয়ায় ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের সাথে এ দপ্তরের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে ।




চিত্রঃ আরজেএসসি এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

০৫। RJSC Registered Entity Portal & Digital Service Management System সফটওয়্যারটি উন্নয়ন করা হয়েছে।

## ০৬। বিসিক OSS প্লার্টফর্মের মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষরঃ

বিসিক OSS প্লাটফর্মের মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে বিসিকের সাথে এ দপ্তরের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে ।



চিত্রঃ বিসিক OSS প্ল্যাটফর্মের মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর

**০৭। আন্তর্জাতিক সংস্থা (USAID) এর প্রজেক্ট FEED THE FUTURE (BITBEE) এর সহযোগিতায় নতুন আপগ্রেডেট সফটওয়্যার উন্নয়ন:**


এ পরিদপ্তরটি ২০০৬ সালে ডিজাইনকৃত সফটওয়্যার এর মাধ্যমে সেবা দিয়ে আসছিল। এই দীর্ঘ সময়ের পরিক্রমায় সফটওয়্যারটি যুগোপযোগী এবং আধুনিকায়নের লক্ষ্যে এ পরিদপ্তর আন্তর্জাতিক সংস্থা USAID এর Feed the Future প্রজেক্ট এর সাথে ২০২১ সালে MoA স্বাক্ষর করে। যার ফলে ২০২৩-২৪ অর্থ বছরে হতে নিবন্ধন এবং রিটার্ন ফাইলিং কার্যক্রমে আমুল পরিবর্তন আসবে। নতুন এবং সময়োপযোগী সফটওয়্যার ডিজাইনের লক্ষ্যে আন্তর্জাতিক সংস্থা USAID এর Feed the Future প্রজেক্ট এর সাথে এ পরিদপ্তর বিভিন্ন সভা আয়োজন করে। উক্ত সভায় বর্তমান সফটওয়্যার কিভাবে কাজ করে (As It Process) সেসব বিষয়ে বিশদ আলোচনা করা হয়। নতুন এবং সময়োপযোগী সফটওয়্যার ব্যবহার করে কিভাবে বিশ্বমানের সেবা প্রদান করা যায় ( To be Process) সেসব বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। যার প্রেক্ষিতে বেসরকারি প্রতিষ্ঠান Dynamic Solutions Innovators Ltd নামীয় কোম্পানিকে সময়োপযোগী সফটওয়্যার ডিজাইনের জন্য Feed the Future কর্তৃক কার্যাদেশ প্রদান করা হয়েছে। যারা নতুন সফটওয়্যার ডিজাইনের মাধ্যমে নিবন্ধন এবং রিটার্ন ফাইলিং প্রক্রিয়া আন্তর্জাতিক মানে উন্নতি করণের লক্ষ্যে কাজ করছে। ২০২৩ সালের ডিসেম্বর মাসের মধ্যে অন্তত নিবন্ধন প্রক্রিয়া স্বয়ংক্রিয় ভাবে সম্পন্ন হবে বলে আমরা আশা করা যাচ্ছে।

## ৮। নামের ছাড়পত্র প্রদানের জন্য কার্যক্রম গ্রহণঃ

বাণিজ্য মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর / সংস্থার কাজের মধ্যে সমন্বয় আনার লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠান Syntech Solutions ltd নামক কোম্পানির সাথে মন্ত্রণালয়ের কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কোম্পানিটি মূলতঃ এ দপ্তরের অন্যতম সেবা নামের ছাড়পত্র নিয়ে কাজ করছে। কৃত্তিম বুদ্ধিমত্তা ব্যবহার করে ২০২৩ সালের ডিসেম্বরের মধ্যে স্বয়ংক্রিয় ভাবে নামের ছাড়পত্র প্রদান করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

## আরজেএসসির বিগত ৪ (চার) বছরের কার্যক্রমের **পরিসংখ্যান:**


| অর্থবছর | নিবন্ধন | নামের ছাড়পত্র প্রদান | রিটার্ণ ফাইলিং রেকর্ড | মর্টগেজ নিবন্ধন | উইন্ডিং আপ | সার্টিফাইড কপি প্রদান |
|---|---|---|---|---|---|---|
| ২০১৯-২০২০ | ১১,১২৮ | ৩০,৫০৭ | ১,২৪,৩৩০ | ৪,৪৫৪ | ৭৯৪ | ২৯,০৮২ |
| ২০২০-২০২১ | ১৪,৮২৬ | ৩৮,৫৬৩ | ১,৭৯,৭৫১ | ৬,৩৯৮ | ১,২২০ | ৩৯,৫৪৩ |
| ২০২১-২০২২ | ১৩,৪৮৫ | ২৬,৪৫৯ | ২,০০,৯৭১ | ৭,১৭৯ | ২,৩৯৭ | ৪২,৩৭৮ |
| ২০২২-২০২৩ | ১০৭৩৮ | ১৯৬৫৩ | ২২০,৫২৩ | ৬৩৪১ | ৩৪৫৫ | ৪৪,৩৬৭ |




চিত্রঃ আরজেএসসির বিগত ৪ (চার) বছরের কার্যক্রমের পরিসংখ্যান

## প্রতিষ্ঠানের প্রকৃতি অনুসারে বিগত ৩ অর্থ-বছরের নিবন্ধনের পরিসংখ্যান:

| ক্রমিক | প্রতিষ্ঠানের প্রকৃতি | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|
| ১. | পাবলিক লিমিটেড কোম্পানি | ৫৯ | ৪৩ | ৪৪ |
| ২. | প্রাইভেট লিমিটেড কোম্পানি | ১২,০২০ | ১০,৭৪০ | ৭৯১৯ |
| ৩. | বিদেশী কোম্পানি | ৪৬ | ৩৯ | ৫৮ |
| ৪. | অংশীদারী ফার্ম | ২,৩৫৯ | ২,২৬৮ | ২৩৩৭ |
| ৫. | ট্রেডঅর্গানাইজেশন | ১৮ | ১৩ | ১৯ |
| ৬. | সোসাইটি | ৩১৭ | ২৫৪ | ২১৫ |
| ৭. | এক মালিকানা কোম্পানি | ০ | ১২৪ | ১৪০ |
| ৮. | কোম্পানি (২৮ ধারা) | ৭ | ৪ | ৬ |
| | মোট: | ১৪,৮২৬ | ১৩,৪৮৫ | ১০৭৩৮ |




চিত্রঃ প্রতিষ্ঠানের প্রকৃতি অনুসারে বিগত ৩ অর্থ-বছরের নিবন্ধনের পরিসংখ্যান

## রাজস্ব খাতে অবদান

আরজেএসসি সরকারের কর ব্যতীত রাজস্ব আদায়ের একটি অন্যতম প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিগত ০৫ (পাঁচ) বছরের রাজস্ব আদায়ের চিত্র নিম্নরূপঃ-

| অর্থ-বছর | নন-ট্যাক্স রাজস্ব (টাকা) | স্ট্যাম্প ডিউটি (টাকা) | প্রদত্ত সেবার বিপরীতে ভ্যাট (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ১৬১,২২,২০,৯৩৩.০০ | ২১৮,৬২,৭৩,৩৬৩.৪০ | ২৪,১০,০৬,৪০৪.৯১ | ৪০৩,৯৫,০০,৭০১.৩১ |
| ২০১৯-২০২০ | ৯৫,৫৬,৩৯,১০০.৫০ | ৭৩,০৯,৩৪,১৪৫.৬৮ | ১৪,৩৩,৭৫,৩৩০.৮১ | ১৮২,৯৯,৪৮,৫৭৬.৯৯ |
| ২০২০-২০২১ | ১,৪৪৭,১৮৫,১৪৭.৪৭ | ৪৮৬,৩৭৩,৬৬১.২৮ | ২১৬,৯৪৪,৪৭০.৬৩ | ২,১৫০,৫০৩,২৭৯.৩৮ |
| ২০২১-২০২২ | ১,৫৯৭,১৭৮,৩১৮.৫০ | ১,১২৯,৯৭৯,৫৬৭.৯৯ | ২৩৮,৯১৫,২১৭.০১ | ২,৯৬৬,০৭৩,১০৩.৫০ |
| ২০২২-২০২৩ | ১৪২,৯২,১৪,২৩৮.৭৫ | ১০৬,১১,৪২,৮০৩.০৩ | ২১,৫৮,০০,৪৯২.৭০ | ২৭০,৬১,৫৭,৫৩৪.৪৮ |

চিত্রঃ বিগত ০৫ (পাঁচ) বছরের রাজস্ব আদায়ের ছক

## জাতীয় শোক দিবস পালনঃ

১৫ আগস্ট জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের বর্ণাঢ্য জীবন নিয়ে আলোচনা সভা ও মিলাদ মাহফিলে এ পরিদপ্তর স্বক্রীয়ভাবে অংশগ্রহণ করে।



চিত্রঃ জাতীয় শোক দিবসে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ

## শেখ রাসেল দিবস পালন

১৮ ১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত দোয়া ও আলোচনা সভায় এ পরিদপ্তর স্বক্রীয়ভাবে অংশগ্রহণ করে।




চিত্রঃ শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষ্যে আলোচনা সভা

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

১৭ মার্চ, ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের উদ্যোগে অন্যান্য দপ্তর/সংস্থাকে নিয়ে টিসিবি ভবনের ২য় তলায় স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয়। এক্ষেত্রে মঞ্চ সজ্জার দায়িত্ব পালন করে যৌথমূলধন কোম্পানি ও ফার্ম সমূহের পরিদপ্তর। অত:পর আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের  সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বাণিজ্য মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এছাড়া এ পরিদপ্তরে জাতির পিতার ম্যুরাল নির্মাণ করা হয়েছে।




চিত্রঃ জাতীয় শিশু দিবসে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ

- অনলাইনে প্রস্তাবিত কোম্পানির নিবন্ধন প্রদান- ০১ জুলাই,২০২২ হতে ৩০ জুন,২০২৩ প্রাপ্ত সকল নিবনন্ধন আবেদন ১০০% নিষ্পত্তি করা হয়।
- অনলাইনে প্রস্তাবিত অংশীদারী প্রতিষ্ঠানের নিবন্ধন প্রদান- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ অনুযায়ী ১,৪০০ টি অংশীদারী ফার্ম নিবন্ধন দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও মোট ২,৩১৭ টি অংশীদারী প্রতিষ্ঠান নিবন্ধন দেওয়া হয়।
- অনলাইনে প্রস্তাবিত একক মালিকানা কোম্পানি নিবন্ধন প্রদান- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ অনুযায়ী ৫০ টি এক মালিকানা কোম্পানি নিবন্ধন দেওয়ার লক্ষ্যমাত্রা থাকলেও ১৩৬ টি এক মালিকানা কোম্পানি নিবন্ধন প্রদান করা হয়।
- DBID তালিকাভূক্তির আবেদন নিস্পত্তিকরণ ১০০% নিষ্পত্তি করা হয়।
- কোম্পানির অনুকুলে কর্পোরেট ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ অনুযায়ী ৬,৫০০ টি কর্পোরেট ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকলেও মোট ৭,০৮৪ টি কর্পোরেট ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হয়।

- ❖ আরজেএসসি সংশ্লিষ্ট কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধির জন্য ৪টি কোম্পানি পরিদর্শন করা হয় এবং তার প্রতিবেদন বাণিজ্য মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়।
- ❖ বার্ষিক রিটার্ন প্রদান করে না কোম্পানির অনুকুলে ২০০ টি কোম্পানিকে ডিফল্ট নোটিশ প্রদানের লক্ষ্যমাত্রা থাকলেও মোট-২৭৯ টি কোপানিকে ডিফল্ট নোটিশ প্রদান করা হয়।
- ❖ কর্মপরিবেশ উন্নয়ন ও সেবাসমূহের সহজীকরণের লক্ষ্যে ০৪ টি সচেনতা বৃদ্ধিমূলক সভা আয়োজন করা হয়।



চিত্রঃ এপিএ বিষয়ক সভা

- ❖ এপিএ এবং চাকুরী বিধি-বিধান ও শৃঙ্খলা বিষয়ক ০২টি প্রশিক্ষণ প্রদান করা হয়।
- ❖ অনলাইনে ইস্যুকৃত সার্টিফাইড কপির সত্যতা যাচাইকরণের প্লাটফর্ম তৈরিকরণ এবং সে লক্ষ্যে ৩০.০৩.২০২২ খ্রি: তারিখে একটি পরিপত্র জারি করা হয়।
- ❖ নিবন্ধিত কোম্পানির ঠিকানা পরিবর্তনের ফরম-৬ এর সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে অনলাইনে প্রদান এবং সে লক্ষ্যে ২৯.১২.২০২২ খ্রি: তারিখে একটি পরিপত্র জারি করা হয়।
- ❖ বিদেশী কোম্পানির সার্টিফিকেট অব ফাইলিং সার্টিফিকেট ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে প্রদান এবং সে লক্ষ্যে ২৮.০২.২০২৩ খ্রি: তারিখে একটি পরিপত্র জারি করা হয়।
- ❖ নিবন্ধিত কোম্পানির সংঘ স্মারক ও সংঘবিধি ইলেকট্রনিক স্বাক্ষরের মাধ্যমে অনলাইনে প্রদান এবং সে লক্ষ্যে ৩০.১১.২০২২ খ্রি: তারিখে একটি পরিপত্র জারি করা হয়।
- ❖ ৪,০০০ টি দাখিলকৃত বন্ধকি বিবরনী নিবন্ধন প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও মোট ৬,৩০৯ টি দাখিলকৃত বন্ধকি বিবরনী নিবন্ধন প্রদান করা হয়।
- ❖ নিবন্ধিত বন্ধকি বিবরনীর ১০০% সনদ প্রদান করা হয়।

## বার্ষিক ই-গভর্ন্যান্স ও ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ

জনপ্রশাসন তথা নাগরিক সেবায় উদ্ভাবন ধারণাটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে সমাদৃত। সরকারী কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণের লক্ষ্যে জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার ভূমিকা গুরুত্বপূর্ণ। পৃথিবীর অনেক দেশেই সরকারী সেবা প্রক্রিয়াকে সহজতর ও জনবান্ধব করার লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রম বিকাশের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে ইনোভেশন টিম, ই-গভর্নেন্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বার্ষিক ই-গভর্নেন্স ও মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুযায়ী অত্র পরিদপ্তর সেবা সহজিকরণের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে যাচেছ। তারই ধারাবাহিকতায় পর্যায়ক্রমে ২০১৭-২০১৮ থেকে নিয়মিত ইনোভেশন প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন চলমান আছে।

**উদ্ভাবনী ধারণার নাম:** অনলাইনে সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন পদ্ধতি সহজিকরন ও সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধির ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইট কপি সরবরাহকরণ।

| উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের পূর্বের সমস্যা | উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ফলাফল |
|---|---|
| ➤ গ্রাহকের দাখিলকৃত সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধি যাচাই-বাছাই করার জন্য কর্মকর্তাদের অপ্রয়োজনীয় সময় ব্যয় হয়।<br>➤ সার্টিফাইড কপি ম্যানুয়ালি স্বাক্ষর সময়সাপেক্ষ<br>➤ স্বাক্ষরিত সার্টিফাইড হার্ডকপি স্বশরীরে অফিসে এসে কাউন্টার হতে গ্রহনে সময়,খরচ,যাতায়াতে(TCV) বেড়ে যায় ।<br>➤ বিদ্যমান পদ্ধতিতে কাগজের ব্যবহার বেশি ও ব্যয়বহুল।জনবলের স্বল্পতা ।<br>➤ গ্রাহক পর্যায়ে কারিগরি দক্ষতার অভাব । | ➤ সংশোধিত অংশটুকু পূরন করে জমা দেওয়ায় এক্সামিনার অব একাউন্টস এর যাচাই বাছাই সহজ ও দ্রুত হয়েছে ।<br>➤ ল্যান সিস্টেমে প্রদান করায় প্রিন্ট করা লাগবে না ।এক ক্লিকেই সকল ডকুমেন্ট স্বাক্ষরিত হয়ে যায় ।<br>➤ পেপারলেস পদ্ধতি<br>➤ সহজ ও দ্রুত সেবা প্রদান করা যাচ্ছে<br>➤ ডিজিটাল স্বাক্ষর করে সার্টিফাইড কপি অনলাইনে ইমেইলে প্রাপ্তি ।<br>➤ ডিজিটাল স্বাক্ষরের এর ব্যবহারের ফলে জনবলের সম্পৃক্ততা কমেছে ।<br>➤ সরাসরি গ্রাহকের ইমেইল ব্যবহার করায় মধ্যস্বত্বভোগী কমবে । |

## গৃহীত সেবা সহজিকরণ কার্যক্রম ২০২২-২০২৩

- অনলাইনে সংঘস্মারক ও সংঘবিধি সংশোধন পদ্ধতি সহজিকরণ ও সংশোধিত সংঘস্মারক ও সংঘবিধির ইলেক্ট্রনিক স্বাক্ষরযুক্ত সার্টিফাইট কপি সরবরাহকরণ সংক্রান্ত পরিপত্র গত ৩০/১১/২০২২ তারিখে জারী করা হয় । বিদ্যমান নাগরিক সেবা সহজিকরণই হলো ইনোভেশন এর মূল লক্ষ্য। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন ও সেবা সহজিকরণের এই পরিদপ্তর ক্রমেই এগিয়ে চলছে। এর মাধ্যমে সেবাটি ১৫ টি ধাপ হতে ১০ টি ধাপে প্রদান করা সম্ভব হচ্ছে ।

- ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আরজেএসসির করণীয় বিষয়ে ০২ টি কর্মশালা ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ০৪ টি প্রশিক্ষন আয়োজন করা হয় ।




চিত্রঃ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আরজেএসসির করণীয় বিষয়ে কর্মশালা ও ইনোভেশন ল্যাব পরিদর্শন

- দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার জন্য সিলেটে অবস্থিত শেখ মুজিব হাইটেক পার্ক পরিদর্শন করা হয় ।




চিত্রঃ সিলেট শেখ মুজিব হাইটেক পার্ক পরিদর্শন

- অত্র পরিদপ্তর ২০২২-২৩ অর্থবছরে আরজেএসসি সিস্টেম কে সিকিউরড এবং ডিজিটাল অপরাধ মোকাবেলায় ও ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরনের জন্য সিকিউরিটি ডিভাইস ক্রয় করা হয় । তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ অনুযায়ী ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে ।রিস্ক এনালাইজার সফটওয়্যার (এসআইইএম),ভালনারিবিলিটি এসেসম্যান্ট সফটওয়্যার,ইন্টারনেট গেইটওয়ে(ইউটিএম) ও মনিটরিং নিশ্চিত করা হয়েছে । হ্যাকার ,মালওয়্যার এর মত থ্রেট থেকে সিস্টেম কে মুক্ত রাখতে উন্নত মানের এসআইএম, ইন্টারনেট গেটওয়ে বা নেক্সট জেনারেশন ফায়ারওয়াল ক্রয় করা হয়েছে । হ্যাকার ,মালওয়্যার এর মত থ্রেট থেকে ওয়েব এপ্লিকেশন , সিস্টেমসহ এন্ড ইউজারদের বিভিন্ন থ্রেট কে মুক্ত রাখতে উন্নত মানের end point security ,web application firewall, server security and privileged access management ক্রয় করার ফলে অত্র পরিদপ্তরের সকল কার্যক্রম যেহেতু অনলাইন তাই ডাটাবেজ সার্ভার ও অন্যান্য ডিভাইস ,হার্ডওয়্যার,নেটওয়্যার্ক নিরাপদ রাখতে উল্লিখিত সিকিউরিটি সফটওয়্যার এর ব্যবহার ফলে নিরাপত্তা ও সাইবার আক্রমন থেকে সিস্টেম কে নিরাপদ রাখা নিশ্চিত হয়েছে এর ফলশ্রুতিতে ডিজিটাল সার্ভিস প্রদান আরো গতিশীল হয়েছে।
- আরজেএসসিতে ডিজিটাল সিগনেচার বাস্তবায়নের চ্যালেঞ্জ বিষয়ক একটি কর্মশালার আয়োজন করা হয় এমসিসিআই ট্রেইনিং সেন্টারে ইউএসএইডের সহযোগিতায়।




## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ

- ❖ নৈতিকতা কমিটির ৪ টি সভা আয়োজন;
- ❖ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ২টি সভা আয়োজন;
- ❖ শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ আয়োজন;
- ❖ কর্ম-পরিবেশ উন্নয়ন (দপ্তরের নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ ও মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা);
- ❖ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান;
- ❖ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ;
- ❖ ০৭। অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের);
- ❖ ০৮। বরাদ্দকৃত বাজেটের ৮৬% বাজেট বাস্তবায়ন;
- ❖ ০৯। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম;

ক. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ

খ. প্রশিক্ষণ ডেটাবেস তৈরী

গ. বিভাগীয় অফিস পরিদর্শন

ঘ. ই-জিপির ব্যবহার নিশ্চিতকরণ




চিত্রঃ সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের স্টেকহোল্ডারদের সাথে সভা




চিত্রঃ সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে চট্টগাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ও ব্যবসায়ী প্রতিনিধিদের সাথে সভা

## সেবা প্রদান প্রতিশ্রুতি বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ

- ❖ (১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে (৪ বার);
- ❖ (২) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে (৪ বার);
- ❖ (৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা হয়েছে (৪বার);
- ❖ (৪) ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করা হয়েছে(৪বার);
- ❖ (৫) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা হয় (২ বার);
- ❖ (৬) সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয় (২ বার);



চিত্রঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা,২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ

- ❖ অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ করা হয়;
- ❖ নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি। বর্ণিত অর্থবছরে মোট ১৫ টি অভিযোগ এ পরিদপ্তরে দাখিল হয় যার প্রতিটি অভিযোগই নিষ্পত্তি করা হয়েছে;

- অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়;
- কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ ০২ টি আয়োজন করা হয়েছে;
- ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ০২ টি আয়োজন করা হয়েছে।



চিত্রঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ক প্রশিক্ষণ

## তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আলোকে উল্লেখ যোগ্য অর্জন সমূহ

- তথ্য অধিকার আইনে তথ্য প্রাপ্তির জন্য ২০২২-২০২৩ অর্থ-বছরে ৭ টি আবেদন পাওয়া যায় এবং ৭ টি আবেদনই নিষ্পত্তি করা হয়েছে।
- তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের জন্য ২০২২-২৩ অর্থ-বছরে ২ টি স্টোকহোল্ডার সভা এবং লিফলেট প্রকাশ করা হয়েছে।
- স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/হালনাগাদকরণ করে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

- ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।
- তথ্য অধিকার আইন বিষয়ে কর্মকর্তাদের ৩ টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।



চিত্রঃ তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ

## গুরুত্বপূর্ণ কার্যাবলির ছবি ক্যাপসনসহঃ

**১। ডিজিটাল সেবা বৃদ্ধির জন্য সিনিয়র সচিব মহোদয়ের সাথে কর্মকর্তাদের আলোচনা সভা**




চিত্রঃ ডিজিটাল সেবা বৃদ্ধির জন্য সিনিয়র সচিব মহোদয়ের সাথে কর্মকর্তাদের আলোচনা সভা

**২। নিবন্ধক মহোদয়ের খুলনা অফিস পরিদর্শনের মুহূর্ত**




চিত্রঃ নিবন্ধক মহোদয়ের খুলনা অফিস পরিদর্শনের মুহূর্ত

**৩। নিবন্ধক মহোদয়ের সাথে বিজ্ঞান জাদুঘরের কনফারেন্স রুমে আলোচনার স্থিরচিত্র**



চিত্রঃ নিবন্ধক মহোদয়ের সাথে বিজ্ঞান জাদুঘরের কনফারেন্স রুমে আলোচনার স্থিরচিত্র

**৪। সেবা সহজীকরনের জন্য স্টেকহোল্ডারদের নিয়ে আলোচনা সভা**




চিত্রঃ সেবা সহজীকরনের জন্য স্টেকহোল্ডারদের নিয়ে আলোচনা সভা

**৫। ২০২১-২২ অর্থবছরে বাণিজ্য মন্ত্রণালয় কতৃক প্রদত্ত এপিএ পদক অর্জন করায় নিবন্ধক মহোদয়ের সহিত উদযাপন**



চিত্রঃ ২০২১-২২ অর্থবছরে বাণিজ্য মন্ত্রণালয় কতৃক প্রদত্ত এপিএ পদক অর্জন করায় নিবন্ধক মহোদয়ের সহিত উদযাপন

**৬। স্টেক হোল্ডারদের সাথে আলোচনা সভার স্থির চিত্র**



চিত্রঃ স্টেক হোল্ডারদের সাথে আলোচনা সভার স্থির চিত্র